74

তারিখ 01 JUL 1995
পৃষ্ঠা 2 কলাম ৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

# শিক্ষার পরিবেশ সংরক্ষণে শিক্ষকদের ভূমিকা শীর্ষক সেমিনার আগামীকাল

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি 'শিক্ষার পরিবেশ সংরক্ষণে শিক্ষকদের ভূমিকা' শীর্ষক একটি সেমিনার আগামীকাল রোববার ২রা জুলাই ঢাকাস্থ টিচার্স ট্রেনিং কলেজে আয়োজন করেছে। সকাল ৯টায় সেমিনার উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার। শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক বিশেষ অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এমাজউদ্দিন আহমদ সেমিনার অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মোহাম্মদ ইউনুস মিয়া সেমিনার অধিবেশনে সভাপতিত্ব করবেন।

সরকারি কলেজ, বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়, শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড ও সংশ্লিষ্ট অফিসের কর্মরত শিক্ষকগণ সেমিনারে উপস্থিত থাকবেন।